



ইসলামিক ফাউন্ডেশন

বিভাগীয় ও জেলা কার্যালয়

পূর্ব শাহী ঈদগাহ সিলেট।

স্মারক নং ১৬.০১.৯১০০.০২১.০৮.০০২.১৬.২৬২ (৫৫০০)

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬
০৩ সেপ্টেম্বর ২০১৯

প্রাপকঃ

ইমাম/খতিব/সভাপতি/সম্পাদক ----- জামে মসজিদ ----- উপজেলা, সিলেট।

বিষয়: কল সেন্টার '৩৩৩' এর মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারণার ব্যবস্থাকরণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং ০৫.৪৬.৯১০০.০১৯.২৫.০০২.৩৭০ তারিখ: ২৮ আগস্ট ২০১৯

জনাব

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনগণের দোরগোড়ায় সেবা প্রদান নিশ্চিতকরণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় নির্দেশনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম কর্তৃক নাগরিকদের জন্য সরকারের কেন্দ্রীয় তথ্য, সেবা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বাস্তবায়নের জন্য কলসেন্টার '৩৩৩' চালু করা হয়েছে। গত ১২ এপ্রিল ২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা জনাব সজিব আহমেদ ওয়াজেদ এই কলসেন্টারটি উদ্বোধন করেন।

২। বর্তমানে নাগরিকগণ '৩৩৩' ও প্রবাসীগণ ০৯৬৬৬৭৮৩৩৩ নম্বরে কল করে সরকারি সেবা প্রাপ্তির পদ্ধতি, জনপ্রতিনিধি ও সরকারি কর্মচারীদের সাথে যোগাযোগের তথ্য, পর্যটন আকর্ষণযুক্ত স্থানসমূহ, বিভিন্ন জেলা সম্পর্কিত বিস্তারিত তথ্য জানতে পারছেন। তথ্য জানান পাশাপাশি বিভিন্ন সামাজিক সমস্যার প্রতিকারে নাগরিকগণ জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে পারছেন।

৩। এই উন্নয়নমূলক উদ্যোগ সারাদেশে ছড়িয়ে দিতে (এটুআই) নানাবিধ প্রচার-প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করেছে। এ প্রচার-প্রচারণার অংশ হিসেবে আপনার মসজিদে জুম'আ খুতবা পূর্ব বয়ানে উপরোক্ত বিষয়ে উদ্বুদ্ধকরণ আলোচনা করার জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

ফরিদ উদ্দিন আহমেদ ০৩/০৯/১৯
পরিচালক

ফোন : ০৮২১ ৭২১০০৮

Email: ifs.sylhet@gmail.com

তারিখঃ ০৩ সেপ্টেম্বর ২০১৯

স্মারক নং ১৬.০১.৯১০০.০২১.০৮.০০২.১৬.২৬২(৫০)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০২। ডি আই জি, সিলেট রেঞ্জ, সিলেট।

০৩। পুলিশ কমিশনার, এস এম পি সিলেট।

০৪। জেলা প্রশাসক, সিলেট।

০৫। পুলিশ সুপার, সিলেট।

০৬। পরিচালক, সমন্বয় বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।

০৭। আঞ্চলিক পরিচালক বাংলাদেশ বেতার, সিলেট। (ব্যাপক প্রচারের জন্য)

০৮। উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল), সিলেট।

০৯। ফিল্ড সুপারভাইজার ----- উপজেলা সিলেট। (আপনার উপজেলার সকল মসজিদে কল সেন্টার '৩৩৩' বিষয়ে উদ্বুদ্ধকরণ আলোচনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

১০। জনাব সিলেট।

১১। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

ফরিদ উদ্দিন আহমেদ

পরিচালক

ফোন : ০৮২১ ৭২১০০৮

Email: ifs.sylhet@gmail.com